চুয়াডাঙ্গার হিজলগাড়ী সড়কের খাড়াগোদা চিত্রানদীর উপরে নতুন ব্রিজের উদ্বোধন

চুয়াডাঙ্গা সদরের সরোজগঞ্জ টু হিজলগাড়ী সড়কের খাড়াগোদা চিত্রানদীর উপরে প্রায় ৬ কোটি টাকা ব্যয়ে নবনির্মিত ব্রিজের শুভ উদ্বোধন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেল ৫ টার দিকে নতুন এ ব্রিজের উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজি আলি আজগার টগর (এমপি)।

এ সময় এমপি টগর বলেন, দেশ আজ উন্নয়নের মহাসড়কে। বর্তমান সরকার দেশে যে উন্নয়ন করেছে তা ইতিহাসে বিরল। এক যুগ আগেও এলাকার রাস্তাগুলোর ওপর দিয়ে যাওয়া যেতো না। যোগাযোগ ব্যবস্থা খুব খারাপ ছিলো। ক্ষমতায় আসার পর থেকে এই এলাকায় ব্যাপক উন্নয়ন করেছে আওয়ামী লীগ সরকার। আজ ব্রিজ নির্মাণ কাজের উন্নয়নের মধ্যদিয়ে আপনাদের দীর্ঘদিনের কাক্ষিত স্বপ্ন পূরণ করতে পেরে নিজেকে ধন্য মনে করছি।

তিনি আরও বলেন, আওয়ামী লীগ সরকারের সময়ে গ্রামের কাঁচা রাস্তা পাকা হয়েছে। নির্মাণ করা হচ্ছে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, হাসপাতাল, ব্রিজ, কালভার্ট-সেতু। যোগাযোগ ব্যবস্থার উন্নতি হওয়ায় বেড়েছে ব্যবসা বাণিজ্য। বিএনপি জামায়াতের সময় দেশে কোন উন্নয়ন হয়নি। হয়নি মসজিদ নির্মাণ। প্রতিশ্রুতি দিয়ে তা বাস্তবায়ন একমাত্র আওয়ামী লীগ সরকারকেই করতে দেখা গেছে।তাই আগামী নির্বাচনে জননেত্রীর নৌকায় ভোট দিয়ে পুনরায় জয়লাভ করার আহবান জানান তিনি।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া, গড়াইটুপি ইউনিয়ন আ.লীগের সভাপতি জাহিদুল ইসলাম জাহিদ, সেক্রেটারি সাইদ,গড়াইটুপি ইউনিয়ন যুবলীগের সভাপতি রাশেদুজ্জামান পলাশ,সেক্রেটারি ফারুক হোসেন চাঁন, ইউপি সদস্য হাফিজুর রহমান। আ লীগ নেতা ফাতরুজ্জামান মাস্টার, মিজানুর রহমান, জামির, আকিব, সাদেক, বসন্ত কুমার, মোস্তফা প্রমুখ।